

শিক্ষানীতি সবার কাছে পৌঁছে দিতে বইমেলায় স্টল দেয়া হয়েছে

— শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার: শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষানীতি সবার কাছে পৌঁছে দেয়ার জন্যই বইমেলায় আমরা স্টল দিয়েছি। বিনামূল্যে গত তিন বছর আমরা প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত সব শিক্ষার্থীর কাছে বই পৌঁছে দিয়েছি। লাখ লাখ বই প্রকাশ হচ্ছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড থেকে— এজন্যই আমাদের একটি স্টল বইমেলায় দেয়া হয়েছে। মেসারস যুটসিন গভর্নামেন্ট সোমবার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে স্টল উদ্বোধন করেছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। স্টল উদ্বোধন করার পর শিক্ষামন্ত্রী আরো বলেন, জাতীয় শিক্ষানীতি আমরা গত বছর মেলায় তুলে ধরেছি। এবারও তুলে ধরাছি। বইমেলা সম্বন্ধে তিনি বলেন, বইমেলায় আসলে পুরনো কথা মনে পড়ে। অনেক ক্ষতি আছে এ মেলায়। এটা আমার কাছে আবেগের একটি জায়গা। এটা বলে বোঝানো যাবে না। শিক্ষামন্ত্রী বলেন, এখন স্টল উদ্বোধন না হলেও প্রাণের টানে ফিরে আসতাম।

মুক্তিযুদ্ধের লক্ষ্য উদ্দেশ্যে এখনো পুস্তক হয়নি উল্লেখ করে তিনি বলেন, স্বাধীনতার ডাক জাফলানের পর ধরে আমাদের মুক্তিযুদ্ধ। কিন্তু একাত্তরে আমাদের যে বস্তু নিয়ে মুক্তিযুদ্ধ হয়েছে তা এখনও বাতবায়ন হয়নি।

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় কাজ করছে উল্লেখ করে তিনি বলেন, বর্তমানে ওয়েবসাইটে ই-বুক পাওয়া যাচ্ছে। কাগজের বই না থাকলেও সমস্যা নেই। ডাউনলোড করেই বিক্রয় যে কোনো জায়গা থেকে হাইমারি ও হাইস্কুলের শিশু-কিশোররা এক ট্রিকেই বই পড়তে পারবে। ওয়েবসাইটে বই শ্রাতির এ সুযোগ করে দেয়ায় তা সর্বমুহলে প্রসারিত হয়েছে। পরে মেসারস প্রতিটি স্টল পরিদর্শন করেন শিক্ষামন্ত্রী।